**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল স্কুলের জন্য কোভিড-19 নির্দেশনা আপডেট করলেন

***স্টেটের স্বাস্থ্য ডিপার্টমেন্ট K-12 স্কুলের জন্য নতুন নির্দেশনা প্রকাশ করলো***

***কোভিড-19 এর সংস্পর্শে আসা শিক্ষার্থীদের আর কোয়ারেন্টাইনের প্রয়োজন নেই***

***আপডেট হওয়া নির্দেশনা এবং সর্বাধিক জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর উপলভ্য আছে এখানে***

গভর্নর ক্যাথি হোকল আজকে নতুন সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল (Centers for Disease Control, CDC) সুপারিশের সাথে মানানসই আপডেট হওয়া কোভিড-19 নির্দেশনা ঘোষণা করলেন যেহেতু স্টেটব্যাপী শিশু, শিক্ষক এবং ফ্যাকাল্টি আসন্ন সপ্তাহগুলিতে স্কুলে ফেরত যাওয়ার প্রস্তুতি নিচ্ছে। কোভিড-19 সম্পর্কে বর্ধিত তথ্য পাওয়ার সুযোগ, টিকা, পরীক্ষা, এবং চিকিৎসা থাকার ফলে, নিউ ইয়র্ক স্টেট এর সাড়াদান আপডেট করছে যাতে নিশ্চিত করা যায় যে সকল শিক্ষার্থী, শিক্ষক এবং ফ্যাকাল্টি আগামী মাসে নিরাপদে শ্রেণীকক্ষে ফেরত যেতে পারে। আপডেট হওয়া নির্দেশনা এবং সর্বাধিক জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর পড়ুন এখানে।

"মহামারীর শুরুর দিকের অনিশ্চিত দিনগুলি থেকেই, নিউ ইয়র্কের স্কুল, শিক্ষক এবং পিতামাতা শিক্ষা অব্যাহত রাখতে এবং নিরাপদে শ্রেণীকক্ষে ফেরত যাওয়ার নিশ্চিত করার জন্য অগ্রসর হয়ে কাজ করেছেন," **গভর্নর হোকল বলেন।** "আজকে, আমরা নিশ্চিত করছি যাতে স্টেট এবং ফেডারেল নির্দেশনা মানানসই হয়, যাতে করে শিক্ষার্থী ও শিক্ষাদানকারীরা আত্মবিশ্বাস নিয়ে শ্রেণীকক্ষে প্রবেশ করতে পারে এবং একটি নিরাপদ, স্বাস্থ্যকর স্কুলবর্ষ পেতে পারে। আমরা এই তথ্য পিতামাতা, স্কুলে পৌঁছে দিচ্ছি এবং নিশ্চিত করছি যাতে আমাদের শিশুরা এই শরতকালে তাদের যেখানে থাকা প্রয়োজন সেখানে থাকতে পারে। আমরা জানি যে শ্রেণীকক্ষে শেখার কোনও বিকল্প নেই, এবং আমরা নিশ্চিত করতে যাচ্ছি যাতে এই বছরটি ভিন্ন একটি বছর হয়।"

কোভিড-19 এর বিরুদ্ধে লড়াইয়ে নিউ ইয়র্ক উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। এইসব চলমান প্রচেষ্টার মাধ্যমেই স্কুলগুলি নিরাপদ শিক্ষামূলক পরিবেশ প্রদান করতে পারছে, কোভিড-19 পরীক্ষা করানোর বর্ধিত সুযোগ এবং এই নিশ্চয়তা যে কর্মী, শিক্ষার্থী এবং তাদের পরিবারের কাছে সেই সংস্থান পাওয়ার সুযোগ রয়েছে যা তাদের নিরাপদে স্কুলে থাকার জন্য প্রয়োজন।

**নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য ডিপার্টমেন্টের (New York State Department of Health) কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন,** "আমাদের শিক্ষাদানকারীদের বীরোচিত কাজের কল্যাণে, নিউ ইয়র্কজুড়ে শিশুরা নিরাপদে শ্রেণীকক্ষে ফেরত যেতে পারবে। আমরা যখন নতুন স্কুলবর্ষে পদার্পণ করতে যাচ্ছি, তখন এই নতুন নির্দেশনা স্কুল ও জেলাগুলিকে সশরীরে উপস্থিত থেকে শিক্ষাদান করার ক্ষেত্রে আরো নমনীয়তা প্রদান করবে। আমি গভর্নরকে তার নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাচ্ছি, আমাদের শ্রেণীকক্ষকে নিরাপদ রাখতে আমরা একত্রে কাজ করে যাচ্ছি।"

**<u>2022-2023 স্কুলবর্ষের জন্য কোভিড-19 প্রশমন কৌশল</u>**

**কোয়ারেন্টাইন**

- CDC এখন আর উচ্চ ঝুঁকির জমায়েতের ঘটনা ছাড়া কোয়ারেন্টাইন সুপারিশ করছে না।
  - CDC সুপারিশ করে যে, যেসকল মানুষ কোভিড-19 এর সংস্পর্শে এসেছে বলে জানা যাবে বা সন্দেহ করা যাবে তাদের বর্তমান CDC সংস্পর্শ সুপারিশ মেনে চলতে হবে, তার টিকা দেওয়া আছে কিনা বা পূর্বে কোভিড-19 সংক্রমণ হয়েছে কিনা তা এ ব্যাপারে গুরুত্বপূর্ণ নয়, সুপারিশের মধ্যে রয়েছে পূর্ণ 10-দিন সময়কালের জন্য ভালোভাবে লাগে এমন মাস্ক বা রেস্পিরেটর পরিধান করা এবং সংস্পর্শে আসার কমপক্ষে 5 দিনের মধ্যে, বা লক্ষণ দেখা দিলে তার পূর্বেই কোভিড পরীক্ষা করানো।

**অসুস্থ থাকলে বা লক্ষণ থাকলে বাড়িতে থাকা**

- CDC এখনো অসুস্থ অবস্থায় মানুষকে বাড়িতে থাকার সুপারিশ করছে। রেস্পিরেটরি বা গ্যাস্ট্রোইনটেস্টাইনাল ইনফেকশনের লক্ষণ, যেমন কাশি, জ্বর, গলা ব্যথা, বমি, বা ডায়রিয়া থাকা সকল শিক্ষার্থী বা কর্মী সদস্যদের বাড়িতে থাকা উচিত।
- কোভিড-19 এর লক্ষণসহ মানুষদের লক্ষণ শুরু হওয়ার পর যত দ্রুত সম্ভব পরীক্ষা করতে সুপারিশ করা হচ্ছে। যাদের কোভিড-19 দ্বারা মারাত্মক অসুস্থ হওয়ার ঝুঁকি রয়েছে এবং যাদের পরীক্ষায় পজিটিভ এসেছে, তাদের লক্ষণ হালকা হলেও তাদের উচিত সাথে সাথে একজন স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে সম্ভাব্য চিকিৎসার ব্যাপারে পরামর্শ করা।
  - যদি কোনও ব্যক্তির কোভিড-19 পরীক্ষায় পজিটিভ আসে এবং তার কোনও নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদানকারী না থাকে, তাহলে সে চিকিৎসার জন্য মূল্যায়িত হতে পারে, হয় 1-888-TREAT-NY নম্বরে ফোন করে বা নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 এক্সপ্রেসকেয়ার থেরাপিউটিক্স অ্যাক্সেস ওয়েবসাইট ভিজিট করে।

- যাদের লক্ষণ রয়েছে এবং কোভিড-19 পরীক্ষার ফলাফলের অপেক্ষা করছে বা পরীক্ষায় পজিটিভ পেয়েছে তাদের উচিত CDC-র বিচ্ছিন্নকরণ নির্দেশনা অনুসরণ করা।

**বিচ্ছিন্নকরণ**

- যারা কোভিড-19 পরীক্ষায় পজিটিভ পেয়েছে বা ফলাফলের অপেক্ষা করছেন তাদের উচিত বাড়িতে থাকা এবং CDC-র বিচ্ছিন্নকরণ নির্দেশনা (Isolation Guidance) অনুসরণ করা। বিচ্ছিন্নকরণ শেষ হতে পারে কারো কোভিড-19 লক্ষণ কতটা মারাত্মক তার উপর ভিত্তি করে।
  - যদি কারো কোনও লক্ষণ না থাকে, তাহলে পাঁচ দিন বিচ্ছিন্নকরণ পাঁচ দিনে শেষ হতে পারে।
  - যদি কারো লক্ষণ থাকে, তাহলে পাঁচ দিন বিচ্ছিন্নকরণ পাঁচ দিনে শেষ হতে পারে যদি তারা 24 ঘণ্টা জ্বরমুক্ত থাকে (জ্বর কমানোর ওষুধ ব্যবহার না করে) এবং লক্ষণ ভালো হতে থাকে।
  - মানুষের উচিত ভালো বোধ (জ্বর কমানোর ওষুধ ব্যবহার না করে জ্বর না থাকা এবং লক্ষণ ভালো হতে থাকা) হলে বিচ্ছিন্নকরণ শেষ করার দশম দিন পর্যন্ত মাস্ক পরিধান করা।
  - বিচ্ছিন্নকরণ শেষ করার জন্য অ্যান্টিজেন পরীক্ষা দরকার নেই, কিছু স্কুল বিচ্ছিন্নকরণের পর মাস্কের ব্যবহারের সময়কাল ছোট করার সম্ভাবনার জন্য "পরীক্ষাভিত্তিক কৌশল" ব্যবহার করতে পারে।

এটি কোভিড-19 ব্যবস্থাপনা ও প্রশমনের জন্য নিউ ইয়র্কের কঠিন, বহুমুখী পন্থার অনুবর্তী। গত সপ্তাহে, গভর্নর হোকল #Vaxtoschool কোভিড-19 টিকা প্রচেষ্টা পুনরায় শুরু করার ঘোষণা করেন, যার মধ্যে থাকছে আগামী সপ্তাহগুলিতে স্টেটজুড়ে তিন ডজনের বেশি পপ-আপ টিকা সাইট, এবং নিকট ভবিষ্যতে আরো যোগ করা হবে।

মার্চ মাসে, গভর্নর স্টেটের স্কুলে মাস্ক আবশ্যিকতা তুলে নেন। এই সিদ্ধান্তটি নেওয়া হয় মুখ্য কোভিড-19 ডেটা ট্রেন্ডের উপর ভিত্তি করে যা দেখায় যে টিকাগ্রহণ ও আক্রান্তের সংখ্যা কমার ক্ষেত্রে নিউ ইয়র্ক উল্লেখযোগ্য অগ্রগতি করেছে।

নিউ ইয়র্কবাসীরা যখন শরতকালে প্রবেশ করতে যাচ্ছে, তখন স্টেট এবং স্বাস্থ্য ডিপার্টমেন্ট পিতামাতা ও অভিভাবকদের অব্যাহত বলিষ্ঠ পরীক্ষা ও টিকার পাশাপাশি অত্যাবশ্যকীয় সংস্থান প্রদান করা অব্যাহত রাখবে।

কোভিড-19 টিকা হালনাগাদ রাখা মারাত্মক অসুস্থতা প্রতিরোধ করার জন্য এখনো একটি শীর্ষ জনস্বাস্থ্য কৌশল। 6 মাস বা তার বেশি বয়সী সকলে এখন কোভিড-19 টিকা পাওয়ার যোগ্য।

5 বছর বা তার বেশি বয়সী সকল স্কুলের শিশুরা একটি বুস্টার পাওয়ার যোগ্য। এর মধ্যে রয়েছে সম্পূর্ণ টিকাপ্রাপ্ত ব্যক্তিরা যারা এই ক্যালেন্ডার বছরে একটি অতিরিক্ত টিকা গ্রহণ করেনি। স্কুলগুলিকে উৎসাহিত করা হচ্ছে নিজেদের সম্প্রদায়ে কোভিড-19 টিকার প্রচার অব্যাহত রাখার জন্য।

পিতামাতা ও অভিভাবকেরা কোভিড-19 টিকার ব্যাপারে আরো তথ্য পাবে আমাদের সর্বাধিক জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর পেজ ভিজিট করে।

সেরা অনুশীলন হিসেবে টিকা গ্রহণের পাশাপাশি, পরীক্ষা করা হলে তা পজিটিভ হওয়া যোগ্য ব্যক্তিদের চিকিৎসার সাথে সংযুক্ত করার একটি সুযোগ প্রদান করে। এটি স্কুলগুলিকে সম্প্রদায়ে কোভিড-19 বিস্তার প্রশমন করতে দেয়। স্কুলের জনগোষ্ঠীর কোভিড পরীক্ষা সমর্থন করতে তাদের জন্য সংস্থান উপলভ্য করা অব্যাহত থাকছে।

এই নির্দেশনা অনুসরণ করলে তা স্কুলগুলিকে স্থানীয় স্বাস্থ্য ডিপার্টমেন্টের সাথে কাজ করে নিরাপদ সশরীরে শিক্ষাদানকে সমর্থন করতে পারবে এবং একইসাথে সম্প্রদায়ের কোভিড-19 পর্যায় পরিবর্তনের সাথে সাথে স্থানীয় সম্প্রদায়ের প্রয়োজন মেটাতে আরো বেশি নমনীয়তা প্রদান করতে পারবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418